# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 04 April, 2025

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম-আহ্বায়ক ড. আতিক মুজাহিদ বলেছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনে এনসিপি প্রয়োজন বোধ করলে জোটগতভাবে নির্বাচনে অংশ নেওয়ার সম্ভাবনা রয়েছে।যা সময়ই বলে দেবে।

শুক্রবার (৪ এপ্রিল) দুপুরে কুড়িগ্রাম শহরের ঘোষপাড়াস্থ একটি রেস্টুরেন্টে এনসিপির কুড়িগ্রাম শাখার আয়োজনে গণমাধ্যমকর্মীদের সঙ্গে এক মতবিনিসভায় তিনি এ কথা বলেন।২৪ পরবর্তী নতুন বাংলাদেশে 'কেমন কুড়িগ্রাম দেখতে চাই' শীর্ষক এ সভা হয়।

সভায় তিনি জেলার সমস্যা ও সমাধান চিহ্নিত করে তা থেকে উত্তরণের বিষয়ে আলোচনা করেন।এছাড়া কুড়িগ্রামকে এগিয়ে নিতে আগামী বাজেটে স্পেশাল বরাদ্দের দাবি জানান।

এসময় অন্যদের মধ্যে দলটির জেলা সংগঠক মুকুল মিয়া, মোজাম্মেল হক বাবু, মাওলানা দিনার মিনহাজ, মাসুম মিয়া, আসাদুজ্জামান আসাদ, গোলাম রসুল রনি, আব্দুল আজিজ নাহিদ প্রমুখ উপস্থিত ছিলেন।

জাতীয়-নাগরিক-পার্টি রাজনীতি নির্বাচন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:12

URL: https://www.timestodaybd.com/politics/289775807